# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 04-03-2026 Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কুয়েতের সার্বভৌমত্ব এবং আঞ্চলিক অখন্ডতা বিঘ্নিত হওয়ায় নিন্দা জানিয়েছেন। তিনি গতকাল কুয়েত-কাতার এবং ওমানের নেতৃবৃন্দের সঙ্গে কথা বলেছেন ।

২) ইজরায়েল ও মার্কিন যুক্তরাষ্ট্রের যৌথ বাহিনী পশ্চিম এশিয়ায় সংঘাতের পঞ্চম দিনেও তেহরানের পরমাণু কেন্দ্র গুলি লক্ষ্য করে হামলা চালিয়েছে। ইরানও তার প্রত্যাঘাত করেছে ।

৩) ভারতীয় উড়ান সংস্থা পশ্চিম এশিয়ায় আটকে পড়া নাগরিকদের উদ্ধারে আজ ৫৮-টি বিশেষ বিমান চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

৪) ফিনল্যান্ডের রাষ্ট্রপতি আলেকজান্ডার স্টাব আজ সকালে নতুন দিল্লিতে পৌঁছেছেন ।

৫) দেশজুড়ে আজ রং-এর উৎসব হোলি উদযাপিত হচ্ছে। শুভেচ্ছা জানিয়েছেন, রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী ।

৬) ইডেনে আজ T-20 ক্রিকেট বিশ্বকাপের প্রথম সেমিফাইনালে দক্ষিণ আফ্রিকা, নিউজিল্যান্ডের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়।

oooooooooooooooooooo

প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী কুয়েতের সার্বভৌমত্ব এবং আঞ্চলিক অখন্ডতা লঙ্ঘনের নিন্দা করেছেন ।

কুয়েতের যুবরাজ শেখ সাবাহ আল-খালেদ আল-হামাদ আল-মুবারক আল-সাবাহর সঙ্গে টেলিফোনে কথা বলার সময় তিনি বলেন, এই কঠিন সময় ভারত কুয়েতের জনগণের পাশে রয়েছে । তিনি আঞ্চলিক শান্তি এবং স্থিতিশীলতা রক্ষায় আলোচনা এবং কূটনীতির ওপর জোর দিয়েছেন

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কাতারের আমীর শেখ তামিম বিন হামাদ আল থানি, ওমানের সুলতান হাইথাম বিন তারিক এর সঙ্গেও টেলিফোনে কথা বলেছেন। তিনি দেশগুলির সার্বভৌমত্ব এবং আঞ্চলিক অখণ্ডতা লঙ্ঘনের ঘটনার নিন্দা করেছেন। সঙ্কটের এই সময়ে ভারত তিন দেশের জনগণের পাশে রয়েছে। সামাজিক মাধ্যমে এক বার্তায় , তিনি কাতার, ওমান এবং কুয়েতে বসবাসরত ভারতীয় সম্প্রদায়ের সুরক্ষা এবং কল্যাণ নিশ্চিত করার জন্য তিন দেশের নেতৃবৃন্দের সহায়তার প্রশংসা করেছেন।

oooooooooooooooooo

পশ্চিম এশিয়ায় সংঘাতের পঞ্চম দিনে ইজরায়েল-মার্কিন যুক্তরাষ্ট্রের যৌথবাহিনী তেহরানের পরমাণুকেন্দ্রে হামলা চালিয়েছে। অন্যদিকে ইরানও নতুন করে ড্রোন হামলা চালিয়েছে। সর্বশেষ পাওয়া তথ্য অনুযায়ী, ইসরায়েল তার গোয়েন্দা তথ্য ব্যবহার করে তেহরানে ইরানের গুরুত্বপূর্ণ পারমাণবিক অস্ত্র উন্নয়ন কেন্দ্রে হামলা চালিয়েছে। ইসরায়েল জানিয়েছে যে যুদ্ধ শুরুর পর থেকে এ পর্যন্ত তাদের বিমানবাহিনী ইরানের প্রায় ৩০০টি ক্ষেপণাস্ত্র উৎক্ষেপনকেন্দ্র ধ্বংস করেছে। আরও বলা হয়েছে যে প্রতিরোধ মূলক ব্যবস্থার অংশ হিসেবে, ইসরায়েলি বিমান বাহিনী ইরান সরকারের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ব্যবস্থা এবং আকাশ প্রতিরক্ষা ব্যবস্থার বিরুদ্ধে ধারাবাহিক ও সফল হামলা চালিয়ে যাচ্ছে। ইসরায়েল লেবাননে বিমান হামলা আরও তীব্র করেছে এবং হিজবুল্লাহর সঙ্গে সম্পর্কিত প্রায় ৬০টি লক্ষ্যবস্তুকে

আঘাত করেছে। ইসরায়েল ইরানের অস্ত্রভাণ্ডার, ক্ষেপণাস্ত্র উৎক্ষেপন কেন্দ্র, কমান্ড সেন্টার এবং লেবাননের টায়ার এবং সিডন অঞ্চলে হিজবুল্লাহ এবং হামাসের অতিরিক্ত জঙ্গিঘাঁটিগুলিতে হামলা চালিয়েছে ।

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প একটি ট্রুথ সোশ্যাল পোস্টে বলেছেন যে অপারেশন এপিক ফিউরি শুরু হওয়ার পর থেকে, পশ্চিম এশিয়া অঞ্চল থেকে ৯ হাজারেরও বেশি মার্কিন নাগরিক নিরাপদে মার্কিন যুক্তরাষ্ট্রে ফিরে এসেছে। মার্কিন কেন্দ্রীয় কমান্ড আরও অভিযোগ করেছে যে ইরান সরকার এই অঞ্চল ব্যাপক ক্ষয়ক্ষতির লক্ষ্যে নির্বিচারে ক্ষেপণাস্ত্র নিক্ষেপের জন্য মোবাইল লঞ্চার ব্যবহার করছে।

অন্যদিকে, ইরান পশ্চিম এশিয়ার বেশ কয়েকটি দেশে হামলা অব্যাহত রেখেছে । সংযুক্ত আরব আমিরশাহির (UAE) প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে যে তাদের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা গতকাল ১১টি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র এবং ১২৩টি ড্রোনকে প্রতিহত করেছে, এবং একটি ক্ষেপণাস্ত্র দেশের ভূখণ্ডে এসে পড়লেও কোনও হতাহতের ঘটনা ঘটেনি।

এদিকে, ইরানের বিদেশমন্ত্রী সৈয়দ আব্বাস আরাঘচি বলেছেন যে ইরানের পক্ষ থেকে কোনও প্ররোচনা ছাড়াই আমেরিকা নিজের ইচ্ছাতেই ইসরায়েলের পক্ষে এই যুদ্ধে অংশ নিয়েছে।

oooooooooooooooooo

মার্কিন কমান্ডার এডমিরাল ব্র্যাড কুপার বলেছেন মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের ওপর আক্রমণ এখনই থামাবে না । ইরানের প্রতি আক্রমণের ক্ষমতাও দ্রুত কমছে বলে তিনি দাবি করেন ।

অপারেশন এপিক ফিউরি সম্পর্কে জানাতে গিয়ে মার্কিন কমান্ডার বলেছেন, যুক্তরাষ্ট্র 100 ঘন্টারও কম সময়ের মধ্যে প্রায় 2000 লক্ষ্য বস্তুতে আঘাত হেনেছে ।

ইরানের বিমান প্রতিরক্ষা ব্যাবস্থা ভীষণ ভাবে দুর্বল হয়ে পড়েছে। তিনি আরও জানান, ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র, লঞ্চার এবং ড্রোন সম্পূর্ণ নিষ্ক্রিয় করে দেওয়া হয়েছে । মার্কিন যুক্তরাষ্ট্রের B2 এবং B1 বোমারু বিমান ইরানের ক্ষেপনাস্ত্র পরিকাঠামো সম্পূর্ণ ধ্বংস করে দিয়েছে ।

(বাইট – কুপার)

oooooooooooooooooo

পশ্চিম এশিয়ায় সংঘাত তীব্রতর হওয়ার সঙ্গে সঙ্গে আন্তর্জাতিক বাজারে গ্যাসের দাম বেড়েছে। বিশ্বব্যাপী শেয়ার বাজারও ভেঙে পড়েছে। ব্রিটেনে গতকাল গ্যাসের দাম তিন বছরের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে।

অন্যদিকে ব্রেন্ট অপরিশোধিত তেলের বেঞ্চমার্ক ২০২৪ সালের জুলাইয়ের পর এই প্রথম ব্যারেল প্রতি ৮৫ ডলারের উপরে উঠেছে।

এদিকে, মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউরোপে বিভিন্ন কোম্পানির শেয়ারের দাম হ্রাস পেয়েছে। আশঙ্কা করা হচ্ছে বিশ্বব্যাপী জ্বালানি সরবরাহে অনিশ্চয়তা সৃষ্টি হবে। ব্রিটেনের অর্থনৈতিক বিশেষজ্ঞরা বলেছেন, পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতি সে দেশের অর্থনীতিতেও যথেষ্ট প্রভাব ফেলতে পারে।

অন্যদিকে, লেনদেনের শেষে গতকাল লন্ডনে শেয়ার সূচক 2.75% কমেছে। জার্মানি এবং ফ্রান্সেও সূচক যথাক্রমে 3.44% এবং 3.46% হ্রাস পেয়েছে । একই পরিস্থিতি জাপান, মার্কিন যুক্তরাষ্ট্র, হংকংয়ের শেয়ার বাজারে ও লক্ষ্য করা গেছে।

ভারতীয় শেয়ার বাজারেও পশ্চিম এশিয়ার সংঘাতের প্রভাব পড়েছে।

oooooooooooooooooo

তেহেরান শহরে সাম্প্রতিক উত্তেজনার প্রেক্ষিতে ইরানে ভারতের দূতাবাস, সেখানকার ভারতীয় পড়ুয়াদের শহরের বাইরে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়ার প্রক্রিয়া শুরু করেছে। দূতাবাসের পক্ষ থেকে এক অ্যাডভাইসারিতে বলা হয়েছে, এদের থাকা , খাওয়া ও পরিবহণের সমস্ত ব্যাবস্থা করা হয়েছে। শুধুমাত্র স্বল্প

সঙ্খ্যক কিছু পড়ুয়া যারা দূতাবাসের প্রস্তাবে রাজি হন নি, তাঁরাই তেহেরানে রয়েছেন।

দূতাবাসের পক্ষ থেকে ইরানে এখনও যে সব ভারতীয় ও ভারতীয় ছাত্র রয়েছেন, তাদের যথাসম্ভব ঘরের মধ্যে থাকার পরামর্শ দেওয়া হয়েছে। কোনোরকম ধর্ণা অথবা বিক্ষোভে সামিল না হওয়ারও নির্দেশ দেওয়া হয়েছে তাদের। ভারতীয় দূতাবাসের পক্ষ থেকে ইরানে জরুরী যোগাযোগের জন্য কয়েকটি টেলিফোনও চালু করা হয়েছে। এর নম্বর হল +৯৮৯১ ২৮১০ ৯১১৫, +৯৮৯১২৮১০৯১০৯, +৯৮৯১২৮১০৯১০২ এবং +৯৮৯৯৩২১৭৯৩৫৯।

০০০০০০০০০০০০০০০০০০

মার্কিন যুক্তরাষ্ট্র এর মানবাধিকার সংস্থা HRANA জানিয়েছে, গত ২৮শে ফেব্রুয়ারি থেকে এখন পর্যন্ত , ইরানে ১,০৯৭ জন সাধারণ নাগরিক নিহত হয়েছে। নিহতদের মধ্যে ১৮১ জন শিশু, যাদের বয়স দশ বছরের নিচে। এ ছাড়া আহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৫,৪০২ , যার মধ্যে ১০০ জন শিশু রয়েছে।

HRANA আরও জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় সামরিক ঘাঁটি, চিকিৎসা কেন্দ্র এবং আবাসিক এলাকা লক্ষ্য করে অন্তত ১০৪টি হামলার ঘটনা ঘটেছে।

০০০০০০০০০০০০০০০০০০

ভারতের অসামরিক বিমান পরিবহন মন্ত্রক জানিয়েছে যে পশ্চিম এশিয়ার কিছু অংশে আকাশসীমায় উদ্ভুত পরিস্থিতির কারণে এখনও পর্যন্ত ভারতীয় বিমান সংস্থাগুলির ১ হাজার ২০০ র ওপর উড়ান এবং বিদেশী বিমান সংস্থাগুলির প্রায় ৩৮০ টি উড়ান বাতিল করা হয়েছে।

এক বিবৃতিতে, মন্ত্রক জানিয়েছে যে তারা পরিস্থিতির ওপর নিবিড়ভাবে নজর রাখছে এবং আটকে পড়া যাত্রীদের সুবিধার্থে বিশেষ ব্যবস্থা করা হচ্ছে। তিনি আরও জানান যে প্রয়োজনে বিমান সংস্থাগুলি অতিরিক্ত বহনক্ষমতা ব্যবহার করছে। ভারতীয় বিমান সংস্থাগুলি আজ ৫৮টি উড়ান পরিচালনা করার পরিকল্পনা

করেছে, যার মধ্যে ইন্ডিগোর ৩০টি এবং এয়ার ইন্ডিয়া এবং এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসের ২৩টি উড়ান রয়েছে। মন্ত্রক আরও জানিয়েছে যে ভারতীয় বিমান সংস্থাগুলি তাদের সময়সূচীতে প্রয়োজনমাফিক পরিবর্তন করেছে। এর সঙ্গেই দীর্ঘ এবং অতি দীর্ঘ দূরত্বের বিমান পরিষেবাগুলি বিপদজনক আকাশসীমা এড়িয়ে পর্যায়ক্রমে বিকল্প আকাশপথে পুনরায় চালু করা হচ্ছে ।

মন্ত্রক আরও জোর দিয়ে বলেছে যে তারা বিমান সংস্থাগুলির সাথে ক্রমাগত যোগাযোগ রেখে চলেছে এবং এই সময়ের মধ্যে টিকিটের দামে যাতে কোনও অযৌক্তিক বৃদ্ধি না হয় তা নিশ্চিত করার জন্য বিমানের ভাড়া নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। যাত্রীদের বিমানবন্দরে যাওয়ার আগে তাদের নিজ নিজ বিমান সংস্থাগুলির থেকে সরাসরি সর্বশেষ উড়ানের অবস্থা জেনে নেওয়া এবং এর জন্য শুধুমাত্র সরকারী সূত্রের ওপর নির্ভর করার পরামর্শ দেওয়া হয়েছে।

oooooooooooooooooo

উত্তর-পশ্চিম পাকিস্তানের তোরখাম সীমান্তে পাকিস্তান সেনাবাহিনীর অভিযানে আফগান তালিবানের এক কমান্ডার নিহত হয়েছে। পাকিস্তান সেনা সূত্রে জানা গেছে, TTA , তেহরিক-ই-তালিবান আফগানিস্তানে TTA-র কমান্ডার কাহরমান এবং তার সহযোগীরা গতরাতে পাক – আফগান সীমান্ত দিয়ে পাকিস্তানে ঢোকার চেষ্টা করার সময় সেনা অভিযানে নিহত হয় । উল্লেখ্য, তোরখাম পাকিস্তানের খাইবার পাখতুনখোয়া প্রদেশ এবং আফগানিস্তানের নানগারহার প্রদেশের মধ্যে সীমান্ত পারাপারের একটি প্রধান কেন্দ্র ।

oooooooooooooooooo

ফিনল্যান্ডের প্রেসিডেন্ট আলেকজান্ডার স্টাব আজ সকালে রাষ্ট্রীয় সফরে নতুন দিল্লিতে পৌঁছেছেন । তাঁকে আনুষ্ঠানিক অভ্যর্থনা এবং গার্ড অব অনার দেওয়া হয় । বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান বিদেশ প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং।

প্রেসিডেন্ট স্টাব রাইসিনা ডায়ালগ ২০২৬-এর প্রধান অতিথি ও মূল বক্তা। নতুন দিল্লিতে পৌঁছনর পর সামাজিক মাধ্যমের এক পোস্টে  প্রেসিডেন্ট স্টাব জানিয়েছেন, তাঁর এই সফর বাণিজ্য সহ আরও বিভিন্ন ক্ষেত্রে ভারত-ফিনল্যান্ড সম্পর্ককে আরও সুদৃঢ় করবে ।

ফিনল্যান্ডের প্রেসিডেন্টকে স্বাগত জানিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, এই সফর দুই দেশের সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যাবে। তিনি আরও জানিয়েছেন, আগামীকাল তাঁদের বৈঠক এবং প্রেসিডেন্ট স্টাবের রাইসিনা ডায়ালগে মূল বক্তব্যের জন্য তিনি অধীর আগ্রহে অপেক্ষা করছেন।

oooooooooooooooooo

কেন্দ্রীয় অসামরিক উড়ান চলাচল মন্ত্রী রামমোহন নায়ডু নতুন দিল্লির ভোগাপুরামে গ্রীণফিল্ড বিমানবন্দর এবং বিজয়ওয়াড়া বিমানবন্দরের নতুন টার্মিনালের বিষয় সংশ্লিষ্ট কর্তৃপক্ষদের সঙ্গে আজ এক বৈঠকে পৌরোহিত্য করেন। মন্ত্রক, ভারতের বিমানবন্দর কর্তৃপক্ষ, অসামরিক উড়ান চলাচল মহা-নির্দেশনালয়, রাজ্য সরকার এবং অন্যান্য আধিকারিকরা বৈঠকে যোগ দেন। সমাজ মাধ্যমে এক বার্তায় মন্ত্রক জানিয়েছে, বৈঠকে এই দুই গুরুত্বপূর্ণ প্রকল্প সময় মতো শেষ করা এবং বিস্তারিত খুঁটিনাটি খতিয়ে দেখা হয়েছে।

oooooooooooooooooo

হিমাচল প্রদেশ সরকার তাঁদের ইকো ট্যুরিজম কে আরও শক্তিশালী করতে কুল্লু জেলার অনাবিষ্কৃত পর্যটন কেন্দ্রের বিকাশে গুরুত্ব দিয়েছে । কুল্লু সার্কেলে বন বিভাগের 16 টির বেশী ইকো ট্যুরিজম স্থান চিহ্নিত করা হয়েছে । পর্যটকদের সুবিধার জন্য পর্যাপ্ত ব্যবস্থা রাখা হচ্ছে । এর ফলে স্থানীয় যুবকদের কর্ম সংস্থানের ও সুযোগ হবে বলে আশা করা হয়েছে  ।

oooooooooooooooooo

আনন্দ ও উৎসাহের সঙ্গে আজ রঙের উৎসবে মেতে উঠেছেন দেশবাসী। বিভিন্ন মন্দিরে পুজোর পর মানুষ রঙ মাখিয়ে একে অপরকে শুভেচ্ছা জানাচ্ছেন। উত্তরপ্রদেশের বরেলি ও ফিরোজাবাদ সহ বিভিন্ন এলাকায় শোভাযাত্রা অনুষ্ঠিত হচ্ছে। মথুরা ও বৃন্দাবনেও রঙের উৎসবে জমকালো আয়োজন হয়েছে। গান, নাচ, রঙ, জল, ফুল এবং মিষ্টি বিতরণের মাধ্যমে সমাজের বিভিন্ন অংশের মানুষ এবং বিদেশীরাও উৎসবে যোগ দিয়েছেন। মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ গোরক্ষপুরে এই উৎসবে সামিল হয়ে বিখ্যাত নরসিংহ ভগবানের শোভাযাত্রায় অংশ নেবেন।

দেশে বিভিন্ন জায়গায় কোনও অপ্রীতিকর ঘটনা যাতে না ঘটে তারজন্য পুলিশ ব্যাপক ব্যবস্থা গ্রহণ করেছে। হোলি উপলক্ষ্যে দিল্লি ট্রাফিক পুলিশ রাজধানীতে সুষ্ঠু যান চলাচল নিশ্চিত করার ব্যাপারে ব্যবস্থা নিয়েছে। অতিরিক্ত পুলিশ কমিশনার দীনেশকুমার গুপ্তা বলেন সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত প্রায় ১৩৪টি রাস্তার মোড়ে পুলিশ মোতায়েন করা হবে। ৭৯টি পিকেট বসানো হয়েছে যা অ্যালকোমিটার দিয়ে মদ্যপ অবস্থায় গাড়ি চালানো রোধে তল্লাশি চালাবে।

oooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ বহু বিশিষ্ট ব্যক্তি হোলিতে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

রাষ্ট্রপতি তাঁর বার্তায় বলেছেন, হোলি আনন্দের উৎসব এবং সামাজিক সম্প্রীতির বার্তা বহন করে। শ্রীমতী মুর্মূ হোলিকে বৈচিত্র্যের মধ্যে ঐক্যের প্রতীক বলে অভিহিত করেছেন।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে বলেছেন এই উৎসব বসন্তের আগমনকে চিহ্নিত করে, ভারতীয় নাগরিকদের আশা এবং প্রাণবন্ত চেতনার প্রতীক হোলি, ভ্রাতৃত্ব, পারস্পরিক শ্রদ্ধা এবং আনন্দের প্রতিফলন ঘটায়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হোলি উপলক্ষে তাঁর বার্তায় বলেছেন, এই উৎসব দেশকে নতুন  শক্তিতে ভরিয়ে দেয়।

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা হোলিকে রঙ, উৎসাহ এবং সম্প্রীতির উৎসব হিসেবে বর্ণনা করেছেন।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ এবং প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংও সম্প্রীতি ও সৌহার্দ্যের এই উৎসবে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছে।

oooooooooooooooooo

ইডেনে আজ টি-টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপের প্রথম সেমিফাইনাল ম্যাচে দক্ষিণ আফ্রিকা, নিউজিল্যান্ডের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। মুম্বাই-এর ওয়াংখেড়ে স্টেডিয়ামে দ্বিতীয় সেমিফাইনালে আগামীকাল ভারত, ইংল্যান্ডের মুখোমুখি হবে। ফাইনাল রবিবার আমেদাবাদে।

oooooooooooooooooo

oooooooooooooooooo